গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
ডাক অধিদপ্তর
ডাক ভবন, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২১০।
www.bdpost.gov.bd

নথি নং-১৪.৩১.০০০০.০০০.০২৯.১১.০০০৬.২৬.৫৯

তারিখঃ ০৮/১১/২০২৬খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

ডাক অধিদপ্তর, ঢাকা, সহকারি নিয়ন্ত্রক স্ট্যাম্পস অফিস, ঢাকা, আর্ন্তজাতিক ডাক হিসাবরক্ষণ অফিস, ঢাকা এবং পোস্টাল প্রিন্টিং প্রেস, টংগী, গাজীপুর এর আওতাধীন রাজস্ব খাতভূক্ত নিম্নেবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের নিমিত্ত পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত/স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://dgbpo.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল/গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০২৬ অনুসারে)	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১	জুনিয়র একাউন্ট্যান্ট (২৫০০০-৬০৫০০) (গ্রেড-১১)	০৭	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
২	ইন্সপেক্টর অব পোস্ট অফিসেস/ ইন্সপেক্টর অব রেলওয়ে মেইল সার্ভিস/ ইন্সপেক্টর অব পিএলআই/ইন্সট্রাক্টর, পিটিসি,(ইন্সপেক্টর অব পোস্ট অফিসেস)/ ইন্সট্রাক্টর, পিটিসি (ইন্সপেক্টর অব আরএমএস) (২৪৩০০-৫৮৭০০) (গ্রেড-১২)	৩১	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি।	
৩	উপজেলা পোস্টমাস্টার (২৪০০০-৫৮০০০) (গ্রেড-১৩)	২২	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রি।	
৪	সহকারী (ডাক অধিদপ্তর) (২৪০০০-৫৮০০০) (গ্রেড-১৩)	০২	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে।	
৫	সহকারী পরিদর্শক (২৪০০০-৫৮০০০) (গ্রেড-১৩)	০১	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি।	
৬	সীট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর (স্টেনোটাইপিস্ট) (২৩৫০০-৫৬৮০০) (গ্রেড-১৪)	১৭	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা; এবং (গ) সীটলিপিতে প্রতি মিনিটে সবনিম্ন গতি ইংরেজি ও বাংলা যথাক্রমে ৭০ শব্দ ও ৪৫ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষর ইংরেজি ও বাংলা যথাক্রমে ৩০ শব্দ ও ২৫ শব্দ থাকিতে হইবে।	
৭	উচ্চমান সহকারী (২৩৫০০-৫৬৮০০) (গ্রেড-১৪)	০৮	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা; এবং	

bekarsfeed.com

			(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সবনিম্ন গতি ইংরেজি ও বাংলায় যথাক্রমে ৩০ শব্দ ও ২৫ শব্দ থাকিতে হইবে।	
৮	টেকনিশিয়ান (২৩৫০০-৫৬৮০০) (গ্রেড-১৪)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট ট্রেডে সার্টিফিকেট কোর্সধারী।	
৯	মেকানিক (২৩৫০০-৫৬৮০০) (গ্রেড-১৪)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সুপ্রতিষ্ঠিত অটোমোবাইল ওয়ার্কশপে ৫ (পাঁচ) বৎসরের কাজের অভিজ্ঞতা; অথবা (গ) কোন স্বীকৃত বোর্ড/ইন্সটিটিউট/ প্রতিষ্ঠান হইতে অটোমোবাইলে ট্রেড কোর্সধারী।	
১০	মনোটাইপ কাস্টার অপারেটর (২৩৫০০-৫৬৮০০) (গ্রেড-১৪)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কোন খ্যাতনামা প্রিন্টিং প্রেসে মনোটাইপ কাস্টার মেশিন চালনায় ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা: এবং (গ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা থাকিতে হইবে।	
১১	মেশিনম্যান (অফসেট প্রিন্টিং/লেটার প্রিন্টিং) (২৩৫০০-৫৬৮০০) (গ্রেড-১৪)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) প্রথম শ্রেণির প্রিন্টিং প্রেসের আধুনিক অফসেট প্রিন্টিং মেশিন রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় ৭(সাত) বছরের বাস্তব অভিজ্ঞতা; এবং (গ) স্বয়ংক্রিয় প্রিন্টিং প্রেস পরিচালনায় দক্ষতা থাকিতে হইবে।	
১২	একাউন্টস এ্যাসিসট্যান্ট (২২৮০০-৫৫২০০) (গ্রেড-১৫)	০১	কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;	
১৩	ড্রাফটসম্যান (২২৮০০-৫৫২০০) (গ্রেড-১৫)	০৩	কোন স্বীকৃত ইনস্টিটিউট/ প্রতিষ্ঠান হইতে ড্রাফটসম্যানশীপ সার্টিফিকেটধারী।	
১৪	জুনিয়র প্রুফ রীডার (২২৮০০-৫৫২০০) (গ্রেড-১৫)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) বাংলা ও ইংরেজী ভাষায় এবং যতিচিহ্ন/বিরামচিহ্ন (Proficiency in Punctuation) ও আধুনিক প্রুফ রিডিং বিষয়ে কার্য অভিজ্ঞতা।	
১৫	ড্রাইভার (হালকা) (২১৯০০-৫২৯০০) (গ্রেড-১৬)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) হালকা/ভারী গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা/ভারী গাড়ি চালনায় ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।	
১৬	কার্পেন্টার (২১৯০০-৫২৯০০) (গ্রেড-১৬)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কোন স্বীকৃত বোর্ড/ইন্সটিটিউট/ প্রতিষ্ঠান হইতে কার্পেন্ট্রীতে ট্রেড কোর্সধারী; এবং (গ) সংশ্লিষ্ট বিষয়ে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	
১৭	মেশিনিস্ট (২১৯০০-৫২৯০০) (গ্রেড-১৬)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং	

bekarsfeed.com

			(খ) কোন স্বীকৃত বোর্ড/ইন্সটিটিউট/ প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল ট্রেড কোর্সধারী।
১৮	সহকারী মেশিনম্যান (২১৯০০-৫২৯০০) (গ্রেড-১৬)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) খ্যাতনামা প্রিন্টিং প্রেসে আধুনিক অফসেট প্রিন্টিং মেশিন পরিচালনা ও রক্ষণাবেক্ষণে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
১৯	সহকারী গ্রেনিং মেশিনম্যান (২১৯০০-৫২৯০০) (গ্রেড-১৬)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কোন খ্যাতনামা প্রিন্টিং প্রেসে অফসেট প্লেটে এবং অফসেট প্লেটের গ্রেনিং ট্রিটমেন্টের উপর ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
২০	পোস্টাল অপারেটর (২১৯০০-৫২৯০০) (গ্রেড-১৬)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাসহ কম্পিউটার চালনায় অভিজ্ঞতা।
২১	সহকারী প্লেট মেকার (২১৯০০-৫২৯০০) (গ্রেড-১৬)	০১	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কোন প্রতিষ্ঠিত প্রিন্টিং প্রেসের অফসেট প্লেট মেকিং এবং প্রসেসিং এ ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
২২	কম্পোজিটর (২১৯০০-৫২৯০০) (গ্রেড-১৬)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) বাংলা ও ইংরেজিতে টাইপ সেটিং এবং কম্পোজিশন, কারেকশন অব জব ওয়ার্কস, টেবুলার এবং টেস্ট মেটারস এ ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
২৩	সহকারী ফটো কম্পোজিটর (২১৯০০-৫২৯০০) (গ্রেড-১৬)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) ইলেকট্রনিক/ফটোটাইপ সেটার অথবা ফটো কম্পোজিশন মেশিনসহ ফিল্ম ডেভেলপিং এবং প্রসেসিং কাজে ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।
২৪	চেকার (২১০০০-৫০৯০০) (গ্রেড-১৮)	০২	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
২৫	কাউন্টার (২১০০০-৫০৯০০) (গ্রেড-১৮)	০২	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
২৬	ওয়্যারম্যান (২০৫০০-৪৯৬০০) (গ্রেড-১৯)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কোন স্বীকৃত বোর্ড/ ইন্সটিটিউট/ প্রতিষ্ঠান হইতে ইলেকট্রিক ট্রেড কোর্সে বি/সি ক্যাটাগরি লাইসেন্সধারী।
২৭	আর্মড গার্ড (২০৫০০-৪৯৬০০) (গ্রেড-১৯)	০২	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) অস্ত্র চালনায় প্রশিক্ষণ প্রাপ্ত।
২৮	প্যাকার (২০৫০০-৪৯৬০০) (গ্রেড-১৯)	০৩	ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।

bekarsfeed.com

২৯	ইনকম্যান (২০৫০০-৪৯৬০০) (গ্রেড-১৯)	০২	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) ক্লিনিং, ওয়েলিং, লুব্রিকেশন, ইনকিং ডাম্পিং, অফসেট ফিডিং এবং লেটার প্রেস প্রিন্টিং মেশিনে কাজের অভিজ্ঞতা।	
৩০	অফিস সহায়ক (পূর্বের পদবী এমএলএসএস) (২০০০০-৪৮৪০০) (গ্রেড-২০)	৩৭	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	
৩১	পরিচ্ছন্নতা কর্মী (পূর্বের পদবী ক্লিনার) (২০০০০-৪৮৪০০) (গ্রেড-২০)	০২	অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	
৩২	পরিচ্ছন্নতা কর্মী (সুইপার) (২০০০০-৪৮৪০০) (গ্রেড-২০)	০১	(ক) অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) মোট পদের শতকরা ৮০% জাত হরিজনদের জন্য বরাদ্দ থাকিবে এবং জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেই সকল পদ সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা যাইবে।	
৩৩	সার্চ পিয়ন (২০০০০-৪৮৪০০) (গ্রেড-২০)	০৩	কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	
৩৪	কুলি (২০০০০-৪৮৪০০) (গ্রেড-২০)	০২	(ক) অষ্টম শ্রেণী বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।	
৩৫	নিরাপত্তা প্রহরী (২০০০০-৪৮৪০০) (গ্রেড-২০)	০৫	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।	
৩৬	পোর্টার (২০০০০-৪৮৪০০) (গ্রেড-২০)	০১	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমনের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে।	
	মোট	১৬৯		

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে আবশ্যিকভাবে অনুসরণীয় শর্তাবলী:

১ প্রার্থীর বয়সসীমা: ১০-১২-২০২৬ খ্রিস্টাব্দ তারিখে সর্বনিম্ন বয়স ১৮ বৎসর এবং সর্বোচ্চ বয়সসীমা ৩২ বৎসর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৪। সকল পদের প্রার্থীকে বাংলা, ইংরেজি, গণিত ও সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে MCQ টাইপ বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

৫। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদেরকে অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপি প্রদর্শনপূর্বক অতিরিক্ত ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে;

(ক) অনলাইনে পূরণকৃত Application Form;
(খ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;
(গ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে লাইসেন্স/অভিজ্ঞতা সনদ;
(ঘ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্র;
(ঙ) বাংলাদেশের স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;
(চ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;
(ছ) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীর ক্ষেত্রে পিতার/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) এর উপযুক্ত/যথাযথ সনদপত্র এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রার্থীর সঙ্গে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র-কন্যার সম্পর্ক সংক্রান্ত প্রত্যয়নপত্র।

bekarsfeed bekarsfeed.com

(জ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ;
(ঝ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ;
(ঞ) তৃতীয় লিঙ্গের প্রার্থীর ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদ।
৬। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ভুয়া/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে কিংবা নিয়োগ পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদন/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৭। লিখিত, মৌখিক ও (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৮। বিজ্ঞপ্তিতে প্রকাশিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা বাতিল এমনকি কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার সম্পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এছাড়া একাধিক পদের/সমগ্রেডভুক্ত একাধিক পদের পরীক্ষা একই দিনে ও একই সময়ে গ্রহণের ক্ষমতাও কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৯। যে সকল পদের বিপরীতে বিজ্ঞ আদালতে মামলা চলমান আছে সে সকল পদ সংরক্ষণ করা হয়েছে।
১০। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১১। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://dgbpo.teletalk.com.bd এই ওয়েব সাইটে আবেদন পত্র পূরণ করবেন।
আবেদনের সময় সীমা নিম্নরূপঃ

(i) Online-এ আবেদন পত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ১০/১১/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়ঃ ১০/১২/২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ০৫.০০ টা।

উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিণ ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রাস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রাস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে।
(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।
(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট সংরক্ষণ করবেন। Applicant's copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে আবেদন ফি বাবদ বিজ্ঞপ্তির ১ ও ২ ক্রমিকে প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা এবং অনলাইন ফি বাবদ ১৮/-(বার) টাকা মোট ১৬৮/-(একশত আটষট্টি) টাকা, বিজ্ঞপ্তির ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩ ক্রমিকে প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা এবং অনলাইন ফি বাবদ ১২/-(বার) টাকা মোট ১১২/-(একশত বার) টাকা এবং বিজ্ঞপ্তির ২৪,২৫, ২৬, ২৭, ২৮, ২৯, ৩০,৩১, ৩২, ৩৩, ৩৪, ৩৫ ও ৩৬ নং ক্রমিকের প্রার্থীদেরকে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা এবং অনলাইন ফি বাবদ ৬/-(ছয়) টাকা মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online -এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS: DGBPO<Space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DGBPO ABCDEF
Reply Applicant's Name, TK.112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To Pay fee Type DGBPO<Space>Yes<Space> PIN and send to 16222
দ্বিতীয় SMS: DGBPO<Space>Yes<Space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: DGBPO Yes 12345678
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for DGBPO.
Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://dgbpo.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নাম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

৫

bekarsfeed.com

(ছ) SMS -এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে DGBPO<Space>Help<Space>User<Space> User ID and Send to 16222. Example: DGBPO Help User ABCDEF

(ii) PIN Number জানা থাকলে DGBPO<Space>Help<Space>PIN<Space> PIN Number and Send to 16222. Example: DGBPO Help PIN 12345678.

ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ডাক অধিদপ্তর, ঢাকা এর ওয়েবসাইট bdpost.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

(ঞ) নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য bdpost.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ট) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা dirsne@bdpost.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জব পোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: Director General,Department of Posts, Dhaka(DGBPO), Post Name *** Applicant's User ID Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

(ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১২| Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেওয়া যাচ্ছে।

০৮/১১/২৬

(আব্দুল মালেক)
পরিচালক (কর্মী ও সংস্থাপন)
ও
সদস্য সচিব, নিয়োগ কমিটি
ডাক অধিদপ্তর, ঢাকা-১২১০
dirsne@bdpost.gov.bd

ডাক অধিদপ্তর -এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

ডাক অধিদপ্তর -এর টেলিটক পোর্টালের QR Code

নথি নং-১৪.৩১.০০০০.০০০.০২৯.১১.০০০৬.২৬.৫৯ তারিখঃ ০৮/১১/২০২৬খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরন করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পি এস টু মহাপরিচালক, ডাক অধি ডাক অধিদপ্তর, ডাক ভবন, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২১০।

২। প্রোগ্রামার, সেন্ট্রাল আইসিটি সেল, ডাক অধিদপ্তর, ডাক ভবন, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২১০ (ডাক অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)

৩। জেনারেল ম্যানেজার, ডিজিটাল সার্ভিসেস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রোড নং-১৭, হোল্ডিং নং-৩/এ, ৫/এ, ৭/এ, গুলশান-১, ঢাকা-১২১২ (বিজ্ঞপ্তিটি টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ)

৪। অফিস কপি।

০৮/১১/২৬

(আব্দুল মালেক)
পরিচালক (কর্মী ও সংস্থাপন)
ও
সদস্য সচিব, নিয়োগ কমিটি
ডাক অধিদপ্তর, ঢাকা-১২১০
dirsne@bdpost.gov.bd

bekarsfeed bekarsfeed.com